



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
পরিকল্পনা-৩ শাখা
www.ictd.gov.bd



স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৫.১৪.২২৫.১৯.৩৯

তারিখ: ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

বিষয়: সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী-শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিতকরণ
ও দেশব্যাপী বহল প্রচার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৫ জানুয়ারি ২০২২, মঙ্গলবার সকাল ১১:০০টায় স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের নিমিত্ত মন্ত্রিসভা কমিটির উদ্যোগে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সহযোগিতায় সুবর্ণজয়ন্তী ওয়েবসাইট ও সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতার শুভ উদ্বোধন করা হয়েছে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি-এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব আ.ক.ম. মোজাম্মেল হক এমপি।

২। সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতা আয়োজনের মূল উদ্দেশ্য হচ্ছে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জীবনাদর্শ, বাংলাদেশের স্বাধীনতা, মুক্তিযুদ্ধ, রূপকল্প ২০৪১, স্বাধীনতার শতবর্ষ ২০৭১, ডেল্টা প্ল্যান ২১০০, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী, বাংলাদেশের অর্জন, সকল ই-সেবা ইত্যাদি সম্পর্কে তরুণ প্রজন্মকে সচেতন করে তোলা এবং বাংলাদেশের ইতিহাস ঐতিহ্য জানানোর মধ্য দিয়ে আগামীর উন্নত বাংলাদেশ বিনির্মাণে তরুণ প্রজন্মকে যথাযথভাবে গড়ে তোলা।

৩। চলমান সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধন বিষয়ে দেশব্যাপী সকলকে জানানোর নিমিত্ত গ্রহণ করা হয়েছে নানা ধরনের প্রচার কার্যক্রম। জাতীয় পর্যায়ে গৃহীত এই অনলাইন কুইজ প্রতিযোগিতায় (৮-১২; ১৩-১৮ এবং ১৯-তদুর্ধ্ব বয়স) দেশের সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থী ও শিক্ষকদের অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন। নিম্নে উল্লিখিত গুগল ড্রাইভ লিংকে কুইজে অংশগ্রহণের নিয়মাবলির বর্ণনা সাপেক্ষে কল ফর অ্যাকশন ভিডিও আপলোড করা হয়েছে।

গুগল ড্রাইভ লিংক: <https://drive.google.com/drive/folders/1xRgldaZsgwA-m3bQ5vfTEI7J9exoFpwc?usp=sharing>

৪। এমতাবস্থায়, সুবর্ণজয়ন্তী অনলাইন কুইজ প্রতিযোগিতায় সর্বোচ্চ সংখ্যক শিক্ষার্থী ও শিক্ষকবৃন্দের অংশগ্রহণ নিশ্চিত করতে আপনার সদয় সহযোগিতার জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

৯-২-২০২২

রোজিনা আক্তার

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-৪১০২৪০৪০

ইমেইল: rozina.akther@ictd.gov.bd

বিতরণ :

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন।


স্মারক নম্বর: ৫৬.০০.০০০০.০৪৫.১৪.২২৫.১৯.৩৯/১(৮)

তারিখ: ২৬ মাঘ ১৪২৮
০৯ ফেব্রুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ২) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।

- ৩) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
- ৪) মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদরাসা শিক্ষা অধিদপ্তর।
- ৫) নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, জাতীয় স্কাউট ভবন, ৬০ আজমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০।
- ৬) প্রকল্প পরিচালক (যুগ্মসচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম।
- ৭) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।



৯-২-২০২২

রোজিনা আক্তার

সিনিয়র সহকারী সচিব